

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.৩২.০০১.১৭-৪৭

তারিখঃ ২৮-০৮-২০১৭ খ্রিঃ

সরকারি/বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণদের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও টুরিজম এন্ড হসপিটালিটি কোর্সে ৩য় পর্বের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও টুরিজম এন্ড হসপিটালিটি কোর্সে ৩য় পর্বের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর নির্ধারিত ফরমে আবেদনের বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) পাওয়া যাবে।

সরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে নিম্ন ছক অনুযায়ী পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর বরাবরে আবেদনের হার্ড কপি ও সফট কপি ই-মেইলে (ddpublication.bteb@gmail.com) প্রেরণ করতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশ করা হবে।

বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানগণকে ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক ভর্তির যাবতীয় কার্যাদি সম্পন্ন করে তথ্যাবলী নিম্ন ছকে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর বরাবরে হার্ডকপি এবং সফটকপি ই-মেইলে (ddpublication.bteb@gmail.com) প্রেরণ করতে হবে।

‘ছক’

প্রতিষ্ঠানের নাম	বিভাগ/টেকনোলজি	শিক্ত	শিক্ষার্থী নাম ও পিতার নাম	বোর্ড রোল	সেশন	পাসের সন	বোর্ড	মন্তব্য

২.০ ভর্তির আবেদনের সময়সূচি :

ক্রমিক নং	বিষয়	তারিখ
২.১	শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের শেষ সময়	১৮/০৯/২০১৭ খ্রিঃ
২.২	আবেদনপত্রসমূহ বোর্ড নির্ধারিত এক্সেল শিটে বোর্ডে প্রেরণের শেষ সময়	১৯/০৯/২০১৭ খ্রিঃ
২.৩	প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশের তারিখ	২১/০৯/২০১৭ খ্রিঃ

৩.০ ভর্তির আবেদনের যোগ্যতা ও নিয়মাবলীঃ

৩.১ ক) উচ্চতর গণিতসহ এইচএসসি (বিজ্ঞান) পাস হতে হবে।

খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ২.৫০ এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম জিপিএ ২.০০।

গ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৫, ২০১৬, ২০১৭ এবং বেসরকারি জন্য ২০১১ হতে ২০১৭ সাল পর্যন্ত এইচএসসি (বিজ্ঞান) উত্তীর্ণরা ভর্তির জন্য যোগ্য হবে।

৩.২ আবেদনের সময় প্রয়োজনীয় কাগজপত্রাদির ফটোকপি জমা দিতে হবে।

ক) এসএসসি পাসের সনদপত্র।

খ) এসএসসি ও এইচএসসি পাসের নম্বরপত্র।

এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড

গ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র।

ঘ) পাসপোর্ট সাইজের রজিন ছবি-৩ কপি।

ঙ) এইচএসসি(বিজ্ঞান)-এ প্রাপ্ত জিপিএ অনুসারে ভর্তিচ্ছুক শিক্ষার্থীর মেধার ক্রমানুসারে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ বরাবর ১৫০.০০ টাকার ব্যাংক ড্রাক্ট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

চ) ভর্তির সময় এস.এস.সি এবং এইচ.এস.এস এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

পরিচালক (কারিকুলাম)

ও ভর্তি কমিটির সদস্য সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।

বিতরণঃ

১-৪৯। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।

৫০-১১৪। অধ্যক্ষ,.....টেকনিক্যাল স্কুল ও কলেজ।

১১৫। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

১১৬-৬১৬। অধ্যক্ষ/পরিচালক,.....বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসমূহ।

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.৩২.০০১.১৭-৪৭(৭)

তারিখঃ ২৮-০৮-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, কারিগরি এবং মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের অবগতির জন্য)

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। উপ-সচিব (কারিগরি-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি অনলাইনে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।

৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৭। অফিস নথি।



১২/৯/১৭

(মোঃ মোদাচ্ছের আলী)

উপ-পরিচালক (প্রকাশনা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

